

Publication	Ekdin-
Date	25 <sup>th</sup> March, 2012
Headline	Medical facility for all levels of society
Page No.	5

## একদিন

২৫ মার্চ, ২০১২ • কলকাতা

### সবস্তুরে পরিষেবা পৌঁছতে জরুরি স্বাস্থ্যবিমার প্রসার

নিজস্ব প্রতিবেদন: সর্বস্তরের মানুষের কাছে স্বাস্থ্য পরিষেবা পৌঁছে দেওয়ার জন্য স্বাস্থ্যবিমার প্রসার জরুরি। এমনটাই মনে করছেন বিশিষ্ট চিকিৎসক তথা নারায়ণ হৃদয়ালয়ের চেয়ারম্যান দেবী শেঠি। চিকিৎসা পরিষেবা আপামর জনসাধারণের কাছে পৌঁছে দিতে ও চিকিৎসার খরচ কমানোর জন্য এটাই প্রধান দাওয়াই বলে মনে হয়েছে তাঁর। আর সেজন্য সরকারের একটা ভূমিকা থাকা উচিত বলেও মনে করছেন বিশ্ববিখ্যাত এই হৃদরোগ বিশেষজ্ঞ। শনিবার কলকাতায় তাঁর সাংবাদিক সম্মেলন ছিল দুর্গাপুরে আইকিউ সিটিতে নতুন হাসপাতাল গড়ার বিষয়ে। সেখানেই কথা প্রসঙ্গে বর্তমান চিকিৎসা ব্যবস্থা সম্পর্কে নানা কথা উঠে এসেছে। বর্তমানে ডাক্তার নার্স ও হাসপাতালের প্রয়োজনীয়তার কথা বলতে গিয়ে তিনি উল্লেখ করেন, দেশে এক মিলিয়ন ডাক্তার, দুই মিলিয়ন নার্স এবং তিন মিলিয়ন শয্যার দরকার। আর এই লক্ষ্যমাত্রা থেকে অনেকটাই যে পিছিয়ে রয়েছে, সে কথা জানাতেও ভোলেননি দেবী শেঠি। প্রতিবছর চিকিৎসা পরিষেবা ব্যয়বহুল হয়ে যাওয়ার বিষয়ে চিন্তা প্রকাশ করেন তিনি। তবে ইদানীং হসপিটাল ম্যানেজমেন্টের খরচ কমাতে চিকিৎসা খরচ কিছুটা কমতে শুরু করেছে বলেও ধারণা তাঁর।

এদিকে, রাজ্য সরকারের সঙ্গে পিপিপি মডেলে জেলায় জেলায় হাসপাতাল গড়ার কাজ আস্তে আস্তে এগোচ্ছে বলে জানান তিনি। দেবী শেঠির মতে, 'এ ভাবে কাজ করতে একটু সময় লাগবে।' তাই এই মুহূর্তের কাজ কবে, কী ভাবে শেষ হবে সে ব্যাপারে নিশ্চিত কোনও সময়সীমা দেখাতে চাননি।

এদিকে দুর্গাপুরের আইকিউ সিটিতে সিনার্জি গোস্ট্রী, এসপিএস গোস্ট্রী এবং মনি গোস্ট্রীর সঙ্গে দেবী শেঠির সংস্থা মেডিক্যাল কলেজ, হাসপাতাল গড়ে তোলার উদ্যোগ নিয়েছে। প্রথম পর্যায়ের সেখানে চার লক্ষ বর্গফুট জায়গার উপর ৩০০ শয্যার হাসপাতাল গড়ে তোলা হবে। এই পর্যায়ের খরচ ৩৫০-৪০০ কোটি টাকা। পরবর্তী আরও দুটি পর্যায়ের ৪০০ এবং ৩০০ শয্যার ব্যবস্থা করে ১০০০ শয্যার হাসপাতাল গড়ে তোলা হবে। পরবর্তী দুটি পর্যায়ের ২০০ কোটি টাকা করে খরচ হবে বলে জানানো হয়েছে। দেবী শেঠির শিলিগুড়ির হাসপাতালের বিল্ডিং প্ল্যান অনুমোদন হয়ে গিয়েছে। তাঁর আশা, অগস্ট মাসে সেখানে নির্মাণ কাজ শুরু হবে। আমরির মতো ঘটনার পুনরাবৃত্তি যাতে না-হয়, সেজন্য হাসপাতালে বৈদ্যুতিক ব্যবস্থা আধুনিক করার কথা জানিয়েছেন তিনি।